# উপজেলা পরিষদ
## কালিগঞ্জ, সাতক্ষীরা

<u>জানুয়ারী/২০২১ মাসের উপজেলা পরিষদ সভার কার্যবিবরণী</u>

অধিবেশন নং - ০১/২০২১

সভাপতি ঃ সাঈদ মেহেদী<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>কালিগঞ্জ, সাতক্ষীরা

সভার তারিখ ঃ ২৮-০১-২০২১ খ্রিঃ

সময় ঃ বেলা ১২-৩১ মিঃ

স্থান ঃ উপজেলা পরিষদ সভা কক্ষ, কালিগঞ্জ

উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা পরিশিষ্ট 'ক' এবং অনুপস্থিতি পরিশিষ্ট 'খ"

সভার প্রারম্ভে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। উপজেলা নির্বাহী অফিসার, কালিগঞ্জ সাতক্ষীরাকে সভা পরিচালনার জন্য অনুরোধ জানানো হয় । সভাপতির অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার সামাজিক দূরত্ব বজায় রেখে উপস্থিত সকলকে স্বাগত জানান। অতঃপর বিগত ০৩-০১-২০২১ তারিখে অনুষ্ঠিত ডিসেম্বর/২০ মাসের সভার কার্যবিবরণী পাঠ ও কার্যবিবরণীতে কোন সংশোধন / সংযোজন না থাকায় সর্বসম্মতিক্রমে তা অনুমোদন ও দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর আলোচ্যসূচী অনুযায়ী সভার কাজ শুরু করা হয় ।

২. বিভাগীয় আলোচনা ঃ

<table>
<tr><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়ন</th></tr>
<tr>
<td>২.০১ (ক)। <u>উপজেলা প্রকৌশল দপ্তর</u> ঃ উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, এ উপজেলার বিভিন্ন ইউনিয়নে সরেজমিনে পরিদর্শন ও ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান, উপজেলা পরিষদ চেয়ারম্যান মহোদয়গণের সাথে আলোচনা ও উপজেলা পরিষদ চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণের পরামর্শ অনুসারে ও প্রকল্পটি জনগুরুত্বপূর্ণ হওয়ায় নিম্নবর্ণিত প্রকল্পসমূহ ২০২০-২০২১ অর্থ বছরে গ্রহণ ও জনস্বার্থে বাস্তবায়ন করা প্রয়োজন। উল্লেখ্য যে, ২০২০-২০২১ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় (ADP)বরাদ্দকৃত অর্থ হতে প্রকল্পগুলো গ্রহণ করা যায়নি বিধায় উপজেলা উন্নয়ন তহবিল হতে গ্রহণ ও বাস্তবায়ন করা যেতে পারে।
<table>
<tr><th>ক্রঃ নং</th><th>প্রকল্পের নাম</th><th></th></tr>
<tr><td>১</td><td>কালিগঞ্জ আরএন্ড এইচ হতে ভাড়াশিমলা হাসপাতাল রোড-৬২ মিটার প্যালাসাইডিংকরণ</td><td></td></tr>
<tr><td>২</td><td>ঘূর্ণিঝড় আম্ফানে ক্ষতিগ্রস্থ রোড আইডি নং- ২৮৭৪৭-৫১৮৬ কাটাখালি RHD-PANIA UNDER Road টি ক্ষতি গ্রস্থ প্রথম অংশে ৬০ ২য় অংশে ৪০মিঃ মোট ১০০ মিঃপ্যালাসাইডিং করণ</td><td></td></tr>
</table>
বিষয়টি নিয়ে বিস্তারিত আলোচনা হয়।</td>
<td>২০২০-২০২১ অর্থ বছরে উপজেলা উন্নয়ন তহবিল হতে নিম্নবর্ণিত ০১ (দুই) টি প্রকল্প e-GP টেন্ডারের মাধ্যমে বাস্তবায়নের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।
<table>
<tr><th>ক্রঃ নং</th><th>প্রকল্পের নাম</th><th>প্রাক্কলিত মূল্য</th></tr>
<tr><td>1</td><td>Detailed Estimate For Palisiding on Kaliganj RHD-Katakhali Road Under Kaliganj Upazila,District-Satkhira.</td><td>5,57,819.00</td></tr>
<tr><td>2</td><td>Detailed Estimate For Palisiding on Kaliganj RHD-Debhata GC Via Khazn Bazar Road (Kaliganj Protion)Under kaliganj Upazala, District-Satkhira.</td><td>3,61,810.00</td></tr>
</table>
এ বিষয়ে বিধিমতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা প্রকৌশলী, কালিগঞ্জ, সাতক্ষীরাকে অনুরোধ করা হয়।</td>
<td>উপজেলা প্রকৌশলী, কালিগঞ্জ,সাতক্ষীরা</td>
</tr>
<tr>
<td>২.০১ (খ)। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর <u>রহমান-এর ভাস্কর্য / ম্যুরাল নির্মাণ</u> ঃ<br>সভায় জানানো হয় যে, সিনিয়র সহকারী সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, উপজেলা-১শাখার ২৯ ডিসেম্বর, ২০২০ তারিখের ১০৩১ নং স্মারক মূলে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ভাস্কর্য / ম্যুরাল স্থাপনের অগ্রগতি প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ জানানো হয়েছে। এ প্রসংগে সভায় জানানো হয় কালিগঞ্জ উপজেলা পরিষদের অভ্যন্তরে পুরাতন কোর্টভবনের স্থানে/ উপজেলা পরিষদের প্রধান গেটে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর</td>
<td>প্রকল্পের নাম ঃ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ভাস্কর্য / <u>ম্যুরাল নির্মাণ</u> ঃ<br><br>ব্যয়ের খাত ঃ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ।<br><u>প্রাক্কলিত ব্যয় ৬,৫০,০০০/- টাকা</u><br><br>(১) কালিগঞ্জ উপজেলা পরিষদের প্রধান গেটের স্থানে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ভাস্কর্য / ম্যুরাল নির্মাণের স্থান নির্ধারণ করা হয়।<br>(২) e-GP টেন্ডারের মাধ্যমে অতিদ্রুত ভাস্কর্য/ ম্যুরাল নির্মাণের কাজ শুরু করার জন্য উপজেলা প্রকৌশলী, কালিগঞ্জ, সাতক্ষীরাকে অনুরোধ</td>
<td>উপজেলা প্রকৌশলী, কালিগঞ্জ, সাতক্ষীরা</td>
</tr>
</table>

<table>
<tr>
<td>বিক্রয়ের প্রক্রিয়া সম্পন্ন করে ঠিকাদারের মাধ্যমে অপসারণ করা হয়েছে । জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ভাস্কর্য/ ম্যুরাল নির্মাণের নিমিত্ত প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।</td>
<td></td>
<td></td>
</tr>
<tr>
<td>২.০১ (গ)। উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন <u>সংস্কার ও রং করণ :</u><br>উপজেলা প্রকৌশলী, কালিগঞ্জ, সাতক্ষীরা সভায় জানান যে, জনাব খন্দকার রবিউল ইসলাম, উপজেলা নির্বাহী অফিসার মহোদয় এ উপজেলায় বিগত ১৭/০১/২০২১ তারিখ দায়িত্বভার গ্রহণ করেছেন। প্রাক্তন উপজেলা নির্বাহী অফিসার মহোদয় উপজেলা নির্বাহী অফিসারের সংরক্ষিত বাসা ছেড়ে দিয়েছেন। নবাগত উপজেলা নির্বাহী অফিসার মহোদয় বাসায় উঠার পূর্বেই বাসভবনটি সংস্কার ও রংকরণ করা প্রয়োজন । বাসাটি সরেজমিনে পরিদর্শন করে সংস্কার ও রংকরণ বাবদ ৬৯,২৫০/-(উনসত্তর হাজার দুইশত পঞ্চাশ) টাকার প্রাক্কলন প্রস্তুতকরা হয়েছে। তিনি উক্ত প্রাক্কলন অনুমোদন ও প্রকল্পটি পিআইসির মাধ্যমে বাস্তবায়নের প্রস্তাব রাখেন। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।</td>
<td>উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন সংস্কার ও রং করণের নিমিত্ত প্রকল্প ও প্রাক্কলনটি সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। প্রকল্পটি প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয় এবং ব্যয় উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>(১) প্রকল্পে নামঃ <u>উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন সংস্কার ও রং করণ</u> ।<br>ব্যয়ের খাত ঃ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ।<br>প্রাক্কলিত ব্যয় : ৬৯,২৫০/-(উনসত্তর হাজার দুইশত পঞ্চাশ) টাকা<br>প্রকল্প বাস্তবায়ন কমিটি :-
<table>
<tr><th>ক্রঃনং</th><th>নাম ও পদবী</th><th>প্রকল্প কমিটির পদবী</th></tr>
<tr><td>১</td><td>জনাব নাজিমুল ইসলাম, উপজেলা পরিষদ ভাইস চেয়ারম্যান, কালিগঞ্জ</td><td>সভাপতি</td></tr>
<tr><td>২</td><td>জনাব ফরহাদ হোসেন, সিএ উপজেলা পরিষদ, কালিগঞ্জ</td><td>সদস্য</td></tr>
<tr><td>৩</td><td>জনাব আব্দুল কাদের, ইলেকট্রিশিয়ান, উপজেলা প্রকৌশল দপ্তর, কালিগঞ্জ</td><td>সদস্য</td></tr>
<tr><td>৪</td><td>জনাব শফিকুল ইসলাম, হিসাব সহকারী, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কালিগঞ্জ</td><td>সদস্য</td></tr>
<tr><td>৫</td><td>জনাব মোঃ মঞ্জুরুল আলম, উপসহকারী প্রকৌশলী ,এলজিইডি,কালিগঞ্জ</td><td>সদস্য-সচিব</td></tr>
</table>
</td>
<td>উপজেলা প্রকৌশলী, কালিগঞ্জ, সাতক্ষীরা</td>
</tr>
<tr>
<td>২.০১ (ঘ)। উপজেলা পরিষদ ডরমেটরি ভবন সংস্কার ও <u>রং করণ</u> :<br>উপজেলা প্রকৌশলী, কালিগঞ্জ, সভায় জানান যে, উপজেলা পরিষদ ডরমেটরি ভবনটিতে উপজেলা পরিষদের বিভিন্ন অফিসে কর্মরত কর্মকর্তা/ কর্মচারীগণ বসবাস করেন। ডরমেটরি ভবনটি দীর্ঘদিন সংস্কার, রং না করার কারণে বসবাসের প্রায় অযোগ্য হয়েছে পড়েছে। প্লাস্টার ঝড়ে পড়ছে, ডাইনিং রুমে চুন,পলেস্তার ঝড়ে পড়ছে। সংস্কার না করা হলে ডরমেটরিতে বসবাস করা প্রায়ই অসম্ভব হয়ে পড়বে। বিষয়টি নিয়ে বিস্তারিত আলোচনা হয়।</td>
<td>উপজেলা পরিষদ ডরমেটরি ভবনটি সরেজমিনে দেখে সংস্কার ও রং করার জন্য প্রাক্কলন প্রস্তুতসহ ডরমেটরি ভবন সর্বশেষ সংস্কারের তারিখ ও বিবরণসহ আগামী সভায় উপস্থাপনের জন্য উপজেলা প্রকৌশলী, কালিগঞ্জ, সাতক্ষীরাকে অনুরোধ জানানো হয়।</td>
<td></td>
</tr>
</table>

<table>
<tr>
<td>২.০১ (ঙ)। <u>টুকিটাকি মেরামত সংক্রান্ত</u> ঃ<br>উপজেলা প্রকৌশলী, কালিগঞ্জ, সভায় জানান যে,উপজেলা প্রকৌশল দপ্তরের ১টি বাথরুম সংস্কার, বিভিন্ন রুমে বিদ্যুৎ লাইন মেরামত ও উপজেলা নির্বাহী অফিসের একটি বাথরুমের ব্যাসিনসহ মেরামত ও বিভিন্ন রুমে বিদ্যুৎ লাইন মেরামত বাবদ ২৪,৯৭০/- ( চব্বিশ হাজার নয়শত সত্তর) টাকা ব্যয় হয়েছে। উক্ত মেরামত ও ব্যয় জনাব আব্দুল কাদের, ইলেকট্রিশিয়ান, উপজেলা প্রকৌশল দপ্তর, কালিগঞ্জএর মাধ্যমে ব্যয় করা হয়েছে। তিনি উক্ত ব্যয় অনুমোদন ও উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের প্রস্তাব রাখেন। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।</td>
<td>উপজেলা প্রকৌশল দপ্তরের ও উপজেলা নির্বাহী অফিসের একটি বাথরুম মেরামত ও বিভিন্ন রুমে বিদ্যুৎ লাইন মেরামত এবং উপজেলা পরিষদের নন গেজেটেড কোয়াটার নং ৪ এর বাথরুমের সংযোগ পাইপ ও ট্যাংকি পরিষ্কার ও সংস্করসহ টুকিটাকি মেরামত বাবদ ২৪,৯৭০/- ( চাব্বিশহাজার নয়শত সত্তর) টাকা ব্যয় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।<br>উক্ত অর্থ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে চেকের মাধ্যমে জনাব আব্দুল কাদের, ইলেকট্রিশিয়ান, উপজেলা প্রকৌশল দপ্তর, কালিগঞ্জ বরাবর পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td>উপজেলা প্রকৌশলী, কালিগঞ্জ, সাতক্ষীরা</td>
</tr>
<tr>
<td>২.০১ (চ)। উপজেলা পরিষদের ৪ নং নন গেজেটেড <u>কোয়াটারের বাথরুমের সংযোগ পাইপ মেরামত সংক্রান্ত</u> ঃ<br><br>উপজেলা প্রকৌশলী, কালিগঞ্জ, সাতক্ষীরা সভায় জানান যে, উপজেলা পরিষদের ০৪ নং নন গেজেটেড কোয়াটারের বাথরুমের সংযোগ পাইপ নষ্ট হয়ে যাওয়ায় সেটি মেরামত করা হয়েছে। তাছাড়া বর্ণিত ভবনে ছোটখাটো মেরামত করা হয়েছে । মেরামত বাবদ জনাব মোঃ আব্দুল হামিদ, হিসাব সহকারী, উপজেলা প্রকৌশলী দপ্তর ১৬,৩২৫/- (ষোল হাজার তিনশত পঁচিশ) মাধ্যমে ব্যয় করা হয়েছে । তিনি উক্ত ব্যয় অনুমোদন ও উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের প্রস্তাব রাখেন। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।</td>
<td>উপজেলা পরিষদের ০৪ নং নন গেজেটেড কোয়াটারের বাথরুমের সংযোগ পাইপসহ বর্ণিত ভবনে ছোটখাটো মেরামত বাবদ ১৬,৩২৫/- (ষোল হাজার তিনশত পঁচিশ) টাকা সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।<br>উক্ত অর্থ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে চেকের মাধ্যমে উপজেলা প্রকৌশলী,কালিগঞ্জ, সাতক্ষীরা বরাবর পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td>উপজেলা প্রকৌশলী, কালিগঞ্জ, সাতক্ষীরা</td>
</tr>
<tr>
<td>২.০১ (ছ)। উপজেলা পরিষদের নিয়ন্ত্রাণাধীন নাজিমগঞ্জ <u>বাজারে নিউ মার্কেটের ভাড়া নির্ধারণ সংক্রান্ত</u> ঃ<br>উপজেলা প্রকৌশলী, কালিগঞ্জ, সাতক্ষীরা সভায় জানান যে, উপজেলা পরিষদের নিয়ন্ত্রাণাধীন নাজিমগঞ্জ বাজারে একটি নিউ মার্কেট রয়েছে। যেখানে মার্কেটের ২য় তলায় সোনালী ব্যাংকভবনটি পরিচালিত হয়ে আসছিল । ভবনটির উপর তলা ব্যবহারের অনুপযোগী হওয়ায় সোনালী ব্যাংক ভবনটি অন্যত্র স্থানান্তরিত হয়েছে । নিউ মার্কেটির নীচ তলায় অনেকগুলো দোকান রয়েছে । যার দোকান ভাড়া দীর্ঘ দিন বাকী রয়েছে । দোকানের বকেয়া ভাড়া পরিশোধ ও নতুনভাবে ভাড়া নির্ধারণের বিষয়ে আলোচনা করা হয়।</td>
<td>(১) কালিগঞ্জ উপজেলা পরিষদের নিয়ন্ত্রাণাধীন নাজিমগঞ্জ বাজারে নিউ মার্কেট-এর বকেয়া দোকান ভাড়া আগামী ০১ (এক)মাসের মধ্যে পরিশোধ করতে হবে। বকেয়া ভাড়া পরিশোধ করা না হলে বরাদ্দ বাতিল করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>(২) নিউ মার্কেটের প্রতিটি দোকান মাসিক ১,২০০/- (এক হাজার দুইশত) টাকা হারে জানুয়ারী /২০২১ মাস হতে নির্ধারণ করা হলো।</td>
<td>উপজেলা প্রকৌশলী, কালিগঞ্জ, সাতক্ষীরা</td>
</tr>
<tr>
<td>২.০১ (জ)। উপজেলা পরিষদের পঞ্চবার্ষিকী বই প্রস্তুত <u>সংক্রান্ত</u> ঃ<br>উপজেলা প্রকৌশলী, কালিগঞ্জ, সাতক্ষীরা সভায় জানান যে, কালিগঞ্জ উপজেলা পরিষদের পঞ্চবার্ষিকী বই (২০১৯-২০২৪) প্রস্তুতের জন্য খসড়া কপি প্রস্তুত করা হয়েছে। উক্ত বই প্রিন্টিংপ্রেস হতে ছাপানো ও বাঁধাইয়ের জন্য সাতক্ষীরায় প্রিন্টিং প্রেসে দর যাচাই করা হয় । উক্ত পঞ্চবার্ষিকী বই প্রস্তুত বাবদ মোট ভ্যাটসহ মোট ১,৫৭,৮৫০/-(একলক্ষ সাতান্ন হাজার আটশত পঞ্চাশ) টাকা প্রয়োজন । তিনি উক্ত প্রকল্পটি পিআইসির মাধ্যমে বাস্তবায়ন ও ব্যয় উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে নির্বাহের প্রস্তাব রাখেন।</td>
<td>(১) প্রকল্পে নামঃ <u>উপজেলা পরিষদের পঞ্চবার্ষিকী বই প্রস্তুত</u> ঃ<br>ব্যয়ের খাত ঃ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ।<br>প্রাক্কলিত ব্যয় : ১,৫৭,৮৫০/– (একলক্ষ সাতান্ন হাজার আটশত পঞ্চাশ) টাকা<br>প্রকল্প বাস্তবায়ন কমিটি :-<br>
<table>
<tr><th>ক্রঃ নং</th><th>নাম ও পদবী</th><th>প্রকল্প কমিটির পদ</th></tr>
<tr><td>১</td><td>জনাব নাজিমুল ইসলাম, উপজেলা পরিষদ ভাইস চেয়ারম্যান, কালিগঞ্জ</td><td>সভাপতি</td></tr>
<tr><td>২</td><td>উপজেলা প্রকৌশলী, কালিগঞ্জ, সাতক্ষীরা</td><td>সদস্য</td></tr>
<tr><td>৩</td><td>উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, কালিগঞ্জ</td><td>সদস্য</td></tr>
</table>
</td>
<td>উপজেলা প্রকৌশলী, কালিগঞ্জ, সাতক্ষীরা</td>
</tr>
</table>

২.০১ (ঝ)। উপজেলা প্রকৌশলী, কালিগঞ্জ, সাতক্ষীরা সভায় জানান যে, নিম্নবর্ণিত বিধ্বস্ত /পরিত্যাক্ত ব্রীজগুলি নিলামের জন্য পার্শ্বে বর্ণিত প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে।

| ক্রঃ নং | প্রকল্পের নাম | প্রাক্কলন |
|---|---|---|
| ১ | কালিগঞ্জ RHD মহিষকুড় জিসি ভায়া বাঁশতলা বাজার সড়কে (চেইনেজ ৪১৮০ মিঃ) (কালিগঞ্জ অংশ) | ৬,৯৫২/- |
| ২ | কালিগঞ্জ RHD মহিষকুড় জিসি ভায়া বাঁশতলা বাজার সড়কে (চেইনেজ ৫৭০৩ মিঃ) (কালিগঞ্জ অংশ) | ৩,১০৬/- |
| ৩ | কালিগঞ্জ RHD মহিষকুড় জিসি ভায়া বাঁশতলা বাজার সড়কে (চেইনেজ ১০৩৪০ মিঃ) (কালিগঞ্জ অংশ) | ৬,৩৩৮/- |
| ৪ | কালিগঞ্জ RHD মহিষকুড় জিসি ভায়া বাঁশতলা বাজার সড়কে (চেইনেজ ১১৩৪০ মিঃ) (কালিগঞ্জ অংশ) | ৩,৮২৯/- |
| ৫ | কালিগঞ্জ RHD মহিষকুড় জিসি ভায়া বাঁশতলা বাজার সড়কে (চেইনেজ ১১৫১০ মিঃ) (কালিগঞ্জ অংশ) | ২,৮৮৭/- |
| | মোট | ২৩,১০২/- |

উপজেলা প্রকৌশলী, কালিগঞ্জ, সাতক্ষীরা কর্তৃক দাখিলকৃত বিধ্বস্ত/ পরিত্যাক্ত ব্রীজগুলি নিলামের জন্য পার্শ্বে বর্ণিত ২৩,১০২/- ( তেইশ হাজার একশত দুই) টাকার প্রাক্কলন সর্বসম্মতক্রমে অনুমোদন করা হয়। উপজেলা প্রকৌশলীকে এ বিষয়ে বিধিমতে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়।

উপজেলা প্রকৌশলী কালিগঞ্জ, সাতক্ষীরা

---

২.০১(ঞ)। কালিগঞ্জ উপজেলা পরিষদ চত্বরে বিভিন্ন স্থানে অবস্থিত মরা, ঘূর্ণিঝড় বুলবুল ও আম্ফানে উপরে পড়া/ ভেঙ্গে পড়া গাছ কর্তন ও নিলাম বিক্রয়ের প্রস্তাব অনুমোদন সংক্রান্ত ঃ

সভায় জানানো হয় যে, কালিগঞ্জ উপজেলা পরিষদ চত্বরে বিভিন্ন স্থানে অবস্থিত ভাইরাস জনিত কারণে মরে যাওয়া, সম্প্রতি ঘূর্ণিঝড় বুলবুল ও আম্ফানে আঘাতে উপড়ে পড়া/ ভেঙ্গে যাওয়া গাছের সম্ভাব্য মূল্য নির্ধারণসহ উপজেলা পরিষদ চত্বরের গাছসমূহ এ সংক্রান্ত স্থানীয় সরকার বিভাগের উপ-২ শাখা স্মারক নং-উপ-২/৪পি-১২৪/২০০৫/৩৮৪, তারিখ ১৫/০৮/২০০৭ ইং তারিখের পরিপত্র অনুযায়ী গঠিত কমিটি সুপারিশ ও ২৯/০৯/২০২০ তারিখ উপজেলা পরিষদ সভায় অনুমোদন পূর্বক জেলা প্রশাসক, সাতক্ষীরা মহোদয় বরাবর অনুমোদনের জন্য নিম্নবর্ণিত ০৩ টি প্রস্তাব প্রেরণ করা হয়।

বিবরণ ঃ-

| ক্রঃনং | প্রস্তাব | সম্ভাব্য মূল্য |
|---|---|---|
| ১ | উপজেলা পরিষদ কালিগঞ্জ, সাতক্ষীরা চত্বরে মরা, বুলবুল ও আম্ফানঝড়ে উপড়ে পড়া গাছ নিলাম বিক্রয় | ১,৭৭,৫২৩/৩৭ |
| ২ | কালিগঞ্জ RHD-নকিপুর জিসি ভায়া নাজিমগঞ্জ এবং রতনপুর জিসি সড়কে আম্ফান ঝড়ে উপরে পড়া গাছ নিলাম বিক্রয় | ১,৭০,২০২/৭৮ |
| ৩ | কালিগঞ্জ RHD-নকিপুর জিসি ভায়া নাজিমগঞ্জ এবং রতনপুর জিসি সড়কে আম্ফান ঝড়ে উপরে পড়া গাছ ( যা উপজেলা পরিষদ চত্বরে সংরক্ষিত ) নিলাম বিক্রয় | ১,০০,৩৭২/৬৫ |

তথ্যপ্রেক্ষিতে জেলা প্রশাসক, সাতক্ষীরা মহোদয়ের কার্যালয়ের জেলা পরিবেশ ও বন উন্নয়ন কমিটির ১৩ ডিসেম্বর,২০২০ তারিখের সভায় ০২ নং অনুচ্ছেদে (স্মারক নং ১২ তারিখ ০৬/০১/২০২১ মূলে প্রাপ্ত সভার

(১) কালিগঞ্জ উপজেলা পরিষদ চত্বরে বিভিন্ন স্থানে অবস্থিত মরা, ঘূর্ণিঝড় বুলবুল ও আম্ফানে উপরে পড়া/ ভেঙ্গে পড়া গাছ কর্তন ও নিলাম বিক্রয়ের নিম্নবর্ণিত প্রস্তাব সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয় ।

| ক্রঃনং | প্রস্তাব | প্রাক্কলিত মূল্য |
|---|---|---|
| ১ | উপজেলা পরিষদ কালিগঞ্জ, সাতক্ষীরা চত্বরে মরা, বুলবুল ও আম্ফানঝড়ে উপড়ে পড়া গাছ নিলাম বিক্রয় | ১,৭৭,৫২৩/৩৭ |

(২) বর্ণিত গাছ নিলাম বিক্রয়ের প্রস্তাব অনুমোদনের জন্য জেলা প্রশাসক, সাতক্ষীরা মহোদয় বরাবর পুনঃ প্রেরণের সর্বসম্মতসিদ্ধান্ত গৃহীত হয়।

উপজেলা প্রকৌশলী কালিগঞ্জ, সাতক্ষীরা

<table>
<tr>
<td>
কার্যবিবরণী) নিম্নবর্ণিত ০২ টি প্রস্তাব অনুমোদন করা হয়েছে ।<br>
<u>বিবরণ ঃ</u>
<table>
<tr><th>ক্রনং</th><th>প্রস্তাব</th><th>সম্ভাব্য মূল্য</th></tr>
<tr><td>১</td><td>কালিগঞ্জ RHD-নকিপুর জিসি ভায়া নাজিমগঞ্জ এবং রতনপুর জিসি সড়কে আম্ফান ঝড়ে উপরে পড়া গাছ নিলাম বিক্রয়</td><td>১,৭০,২০২/৭৮</td></tr>
<tr><td>২</td><td>কালিগঞ্জ RHD-নকিপুর জিসি ভায়া নাজিমগঞ্জ এবং রতনপুর জিসি সড়কে আম্ফান ঝড়ে উপরে পড়া গাছ ( যা উপজেলা পরিষদ চত্বরে সংরক্ষিত )নিলাম বিক্রয়</td><td>১,০০,৩৭২/৬৫</td></tr>
</table>
এবং নিম্নবর্ণিত ০১ টি প্রস্তাবের অনুমোদন পাওয়া যায়নি।<br>
<u>বিবরণ ঃ</u>
<table>
<tr><th>ক্রনং</th><th>প্রস্তাব</th><th>সম্ভাব্য মূল্য</th></tr>
<tr><td>১</td><td>উপজেলা পরিষদ কালিগঞ্জ, সাতক্ষীরা চত্বরে মরা, বুলবুল ও আম্ফানঝড়ে উপড়ে পড়া গাছ নিলাম বিক্রয়</td><td>১,৭৭,৫২৩/৩৭</td></tr>
</table>
বিষয়সমূহ নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।
</td>
<td></td>
<td></td>
</tr>
<tr>
<td>২.০১(ট)। উপজেলা পরিষদের ২০২০-২০২১ অর্থ বছরের বাজেট অনুমোদন সংক্রান্ত ঃ<br>
সভার সভাপতি ও উপজেলা পরিষদ চেয়ারম্যান, কালিগঞ্জ, সাতক্ষীরা সভায় জানান যে, এ উপজেলা পরিষদের ২০২০-২০২১ অর্থ বছরের সম্ভাব্য রাজস্ব আয় ১,৫৫,৯৭,৫০০/- টাকা এবং উন্নয়ন হিসাব আয় (এডিপি) সম্ভাব্য ১,২৪,৯৬,০০০/- টাকা সর্বমোট ২,৮০,৯৩,০০০/- ( দুইকোটি আশি লক্ষ তিরানব্বই হাজার) টাকা বাজেট করা হয়েছে এবং ব্যয় রাজস্ব হিসাব ১,২৫,৮২,০০৩/-টাকা এবং উন্নয়ন ব্যয়(এডিপি) ১,২৪,৯৬,০০০/- টাকা সর্বেমোট ২,৫০,৭৮,০০৩/- (দুই কোটি পঞ্চাশ লক্ষ আটাত্তর হাজার তিন) টাকা ব্যয় দেখানো হয়েছে। উদ্বৃত্ত বাজেট ৩০,১৫,৪৯৭/- টাকা দেখানো হয়েছে। উক্ত বাজেট অর্থ বছরের প্রারম্ভে প্রস্তুত করা হয়েছে কিন্তু করোনা পরিস্থিতিসহ ভুলবশত বর্ণিত বাজেট উপজেলা পরিষদ সভায় উপস্থাপন করা হয়নি। তিনি উক্ত প্রস্তাবিত বাজেট সভায় উপস্থাপনসহ অনুমোদনের জন্য সকলের দৃষ্টি আকর্ষণ করেন। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।</td>
<td>কালিগঞ্জ উপজেলা পরিষদের ২০২০-২০২১ অর্থ বছরের বাজেট সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।</td>
<td>চেয়ারম্যান<br>উপজেলা পরিষদ</td>
</tr>
<tr>
<td>২.০২। <u>মৎস্য বিভাগের কার্যক্রম</u> ঃ সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা জানান যে, ইতোমধ্যে এ উপজেলায় মৎস্য চাষে উদ্বুদ্ধকরণের জন্য ষ্টক হোল্ডারদের নিয়ে সভা করা হয়েছে। তিনি আরও জানান যে, নদীতে অবৈধ নেটজাল অপসারণের জন্য কোম্বিং অপারেশন অব্যহত রয়েছে। তিনি এসডিজি বাস্তবায়ন, ব্রড ব্যাংক প্রতিষ্ঠা করা, অনলাইন মার্কেট লিংক তৈরী করার বিষয়ে আলোচনা করেন যাতে ভোক্তার কাছে দ্রব্যাদি পৌছে দেয়া যেতে পারে।<br>
সূত্র প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় তারিখঃ ৯ ভাদ্র ১৪২১ তারিখে জাতীয় চিংড়ি নীতিমালা ২০১৪ এর আলোকে গুরুত্বপূর্ণ আলোচনা করেন। আলোচনায় তিনি আলোকপাত করেন নীতিমালার ২ নং অনুচ্ছেদ জাতীয় চিংড়ি নীতির উদ্দেশ্য (ক) উৎপাদন ও ব্যবস্থাপনা ক এর ( ১) অর্থনৈতিক সামাজিক পরিবেশ ভূ-প্রকৃতির অবস্থান জলবায়ু পরিবর্তন ও উপযোগিতার সাথে সংগতি রেখে সংশ্লিষ্ট এলাকার পরিবেশ ও প্রতিবেশ</td>
<td>(১) সিনিয়র উপজেলা মৎস্য অফিসারকে নদীতে অবৈধ নেটজাল অপসারণের জন্য কোম্বিং অপারেশন অব্যহত রাখার জন্য অনুরোধ করা হয়। এসডিজি বাস্তবায়ন, ব্রড ব্যাংক প্রতিষ্ঠা করা, অনলাইন মার্কেট লিংক তৈরী করার জন্য অনুরোধ জানানো হয়।<br><br>
(২) সামনে প্রাকৃতিক দুর্যোগের ঝুঁকির আশংকা থাকায় নীতিমালা অনুযায়ী মুজিববর্ষে উল্লেখিত সকল বিষয় বাস্তবায়নের জন্য সংবিধানবিরোধী রাষ্ট্রবিরোধী ঐ সকল কর্মকান্ডের জন্য সংশ্লিষ্ট মৎস্য অধিদপ্তরসহ সংশ্লিষ্ট সকল দপ্তরের কর্মকর্তারা দ্রুত সমন্বয়ের ভিত্তিতে বাস্তবায়ন করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হয়।<br>
(৩) পানি উন্নয়ন বোর্ডের ভেড়ীবাধের নিচ দিয়ে অবৈধভাবে পাইপ লাইন দিয়ে পানি উত্তোলন করার ফলে ভেড়ীবাধের ক্ষতিসাধন, নদী ভরাট, পরিবেশ বিপর্যয় সর্বপরি সংবিধানের মুলনীতি বিরোধী অপরাধের দায়ে তাদের বিরুদ্ধে কঠোর আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়।</td>
<td>(১) উপজেলা নির্বাহী কর্মকর্তা,<br>(২) সহকারী কমিশনার (ভূমি),<br>(৩) উপজেলা মৎস্য কর্মকর্তা,<br>(৪) নির্বাহী প্রকৌশলী, সাতক্ষীরা পওর বিভাগ-১,বাপাউবো, সাতক্ষীরা।<br>(৫) উপ-বিভাগীয় প্রকৌশলী, কালিগঞ্জ পওর উপ-বিভাগ-১, বাপাউবো, সাতক্ষীরা।<br>(৬) উপজেলা প্রকৌশলী, এলজিইডি, কালিগঞ্জ, সাতক্ষীরা।</td>
</tr>
</table>

| | | |
|---|---|---|
| অনুযায়ী লাগসই প্রযুক্তি উদ্ভাবন ও প্রয়োগ করে পরিকল্পিত চিংড়ি চাষ এর মাধ্যমে কাঙ্খিত লক্ষমাত্রা চিংড়ী উৎপাদন বৃদ্ধির জন্য পরামর্শ দেন।<br><br>উপজেলা চেয়ারম্যান বলেন আমি বহু দিন থেকে চিংড়ী চাষের সাথে সরাসরি জড়িত, তাছাড়া অত্র উপজেলায় একমাত্র চিংড়ী পিএল উৎপাদনকারী প্রতিষ্ঠানের মালিক। চিংড়ি চাষ এবং পোনা উৎপাদন ও বিপননকারী হিসাবে অত্র জেলার খামারীদের সাথে সরাসরি মতবিনিময়ের বাস্তব অভিজ্ঞতা আছে। আমার জানামতে আমাদের চিংড়ি খামারগুলো অপরিকল্পিত অবকাঠামো, তা ছাড়া বহুদিন যাবদ খামারিদের একই সনাতন পদ্ধতি চাষ ব্যবস্থা জলবদ্ধতার অভিশাপ মুক্ত হতে না পেরে উপকূলীয় অঞ্চলের চাষ এলাকার ভূমির উৎপাদন ক্ষমতা চরম বিপর্যয়। বর্তমান মাটির গুনাগুন একেবারে মরুকরণে এবং হুমকির মুখে। বর্তমান অবস্থা থেকে উত্তরণের উপায় হিসাবে এখুনি অবকাঠামোগত পরিবর্তন আনা আবশ্যক। নীতিমালার ২ ক এর (৬) অনুচ্ছেদে বর্ণিত শস্যআবর্তন আবশ্যক। চিংড়ি যান্ত্রিকরন অবকাঠামো উন্নয়নে নীতিমালা অনুযায়ী ঘেরের পাড় প্রসস্থ, আউটড্রেন বাধ্যতামুলক করে পাড়ে কৃষি উৎপাদনে ব্যাপক সম্ভবনা রয়েছে। নতুন কর্মসংস্থান সৃষ্টি সহ পরিবেশ বান্ধব নিরাপদ উৎপাদন সফলতা নির্ভর করছে। একই সাথে অনুচ্ছেদ ৪ এর বাস্তবায়নের ক্ষেত্রে জরুরী ভিত্তিতে ৪.৫ এবং ৪.৭ অনুচ্ছেদ অনুযায়ী এসডিজি অর্জনে অর্থনৈতিক বিকাশে জীবিকা নির্বাহ করা সম্ভব।<br>সভাপতি দুঃখের সাথে বলেন যে, পানি উন্নয়ন বোর্ডের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্মচারীদের উদাসিনতা, দায়িত্বহীনতা, কোন কোন ক্ষেত্রে তাদের মধ্যে কেউ কেউ অসৎ উদ্দেশ্য সাধনে এলাকার কিছু কিছু প্রভাবশালী লোকজনের সাথে সংপৃক্ত আছে বলে শোনা যায়। ঐ সকল প্রভাবশালী ভূমিদস্যু, সরকারী স্লুইচগেট ব্যবহার না করে বা করতে না দিয়ে পানি উন্নয়ন বোর্ডের জায়গা দখল করে কোন আউটলেট না রেখে ভেড়ী বাধের সঙ্গে ঘের করে এবং সরেজমিনের বাস্তব অভিজ্ঞতা থেকে চিরন্তন সত্য বলে আমার নিকট প্রতীয়মান হয়েছে যে, যত্রতত্র ভেড়িবাধ কেটে ঝুঁকিপূর্ণ পাইপ বসিয়ে নিজ খামার পরিচালনা সহ পিছনের ঘের মালিকদের কাছে পানি বিক্রির ব্যবসার সাথে জড়িত। ঐ সকল সমাজবিরোধী অনৈতিক মানুষগুলো ভেড়ীবাধের মারাত্মক ক্ষতিসাধন করেছে। যাহার আর্থিক মুল্যে অত্র উপজেলায় আনুমানিক ১০০ কোটি উর্দ্ধে। ফলে জনজীবনে দুর্ভোগ বেড়েই চলেছে হুমকির মুখে গোটা উপজেলাবাসি। বিশেষ করে দক্ষিণ শ্রীপুর, বিষ্ণুপুর, কৃষ্ণনগর ইউনিয়নে ফতেপুর, নীলকণ্ঠপুর, বন্দকাটি, কালিকাপুর, বাগমারী, ঘড়মী, বসন্তপুর, উকসা, খারহাট, সাতবসু এলাকা যেকোন সময় ভেড়ীবাঁধ ভেঙ্গে জলোচ্ছাস ঘটার সমুহ সম্ভবনা রয়েছে। তাছাড়া অত্র এলাকার নদীগুলো ঘেরের গৈ এর তলা সমান করে পাইপ বসিয়ে মুল নদীর ভিতরে খাল কেটে যাওয়ার সময় দুই পাশে মাটি ফেলে স্তুপ করেন। সে কারণেই খরস্রোত নদীগুলো অকালেই মৃত্য ঘটেছে। কিন্তু তাদের অনৈতিক পানি বিক্রির ব্যবসা ঠিকঠাক মতো চলে যাচ্ছে। যাহা সংবিধান পরিপন্থি।<br><br>আমাদের গর্ব জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমানের দূরদর্শী নেতৃত্বে পৃথিবীর ইতিহাসেব প্রথম রাষ্ট্র আমাদের দেশ বাংলাদেশ ১৯৭২ সালে বাংলাদেশের | | |

সংবিধানে গৃহিত এবং কার্যকর করে পাবলিক ট্রাষ্ট মতামতকে সাংবিধানিকভাবে স্বীকৃতি প্রদান করেন। জাতির পিতার পাবলিক ট্রাস্ট মতবাদকে রাষ্ট্র পরিচালনার মূল ভিত্তি করেন। সংবিধানে পাবলিক ট্রাষ্ট সম্পত্তি **(Public trust Proterty)** তথা জাতীয় সম্পত্তি **(Public Proterty)** সংরক্ষণ ও রক্ষা করা রাষ্ট্রের অন্যতম নীতি হিসাবে সংবিধানে ২য় অধ্যায়ে সংযুক্ত করেন। গুরুত্বপূর্ণ বিধায় সংবিধানের অনুচ্ছেদ ২১ এ বাংলা এবং ইংরেজীতে

"২১(১) সংবিধান ও আইন মান্য করা, শৃংখলা রক্ষা করা, নাগরিক দায়িত্ব পালন করা, এবং জাতীয় সম্পত্তি রক্ষা করা প্রত্যেক নাগরিকের কর্তব্য।

(২) সকল সময়ে জনগণের সেবা করিবার চেষ্টা করা প্রজাতন্ত্রের কর্মে নিযুক্ত প্রত্যেক ব্যক্তির কর্তব্য।

রাষ্ট্র পরিচালনার সকল ক্ষেত্রে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান পরিবেশ এবং জলবায়ুকে বিশেষ গুরুত্ব প্রদান করতেন। তারই ফলশ্রুতিতে তিনি সংবিধানের দ্বিতীয় ভাগে রাষ্ট্র পরিচালনার অন্যতম নীতির মধ্যে অনুচ্ছেদ ২১ অর্ন্তভুক্ত করেন।

সংবিধানবিরোধী রাষ্ট্রীয় সম্পত্তি ধ্বংসকারী নদী হত্যাকারী উল্লেখিত এলাকার সংশ্লিষ্ট সকলের বিরুদ্ধে পানি উন্নয়ন বোর্ড কঠোর আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য সভায় উপস্থাপন করেন।

জনাব উপজেলা চেয়ারম্যান নীতিমালার সবচেয়ে গুরুত্বপূর্ণ ৫.২.৫ অনুচ্ছেদ এবং ৫.৩.৩/ ৫.৩.৬/ অনুযায়ী অবকাঠামো উন্নয়ন নিশ্চিত করা এবং অনুচ্ছেদ ৫.৭ চিংড়ির পরিবেশ সংক্রান্ত ও ৫. ৮ ভূমি অঞ্চল অনুচ্ছেদ এর ৫.৮.১ থেকে ৫.৮.৯ পর্যন্ত প্রতিটি ক্ষেত্রে বাস্তবায়ন বিষয়ক গুরুত্বপূর্ণ আলোচনা আলোকপাত করেন। সেই সাথে নীতিমালার অনুচ্ছেদ ৫.৯.১ ৫.৯.৩ এর অলোকে উদ্বুদ্ধকরনের কার্যকর ব্যবস্থা গ্রহনের জন্য সকলের দৃষ্টি আকর্ষণ করেন।

জনাব সভাপতি আক্ষেপ করে বলেন, উপজেলা পরিষদের অধিকাংশ সভায় এলজিইডি সড়ক এবং পানি উন্নয়ন বোর্ডের রাস্তা সমুহ ঘেরের ভেড়ী হিসাবে ব্যবহার করার কারণে কৃষি এলাকার জলাবদ্ধতা সৃষ্টি, কোটি কোটি টাকার অবকাঠামোর ক্ষতি, চিংড়ি উৎপাদনে জমির উৎপাদন ক্ষমতা পুনুরুদ্ধারে শস্যাবর্তন অত্যন্ত জরুরী। নতুন নতুন কৃষির আবাদ জমি বৃদ্ধিতে পানি উন্নয়ন বোর্ড ও রাস্তার সাথে চিংড়ি ঘের পৃথককরণে উল্লেখিত জনগুরুত্বপূর্ণ বিষয়ের সমাধানের লক্ষ্যে বিগত দুই বছরে বার বার উপজেলা পরিষদের সিদ্ধান্ত, কখনো মাইকিং করে, কখনো পত্র প্রেরণে অনুরোধ করলেও দুষ্কৃতিকারীরা কর্ণপাত করেন না। নানান অজুহাতে তারা দেশের সংবিধান এবং সরকারী সিদ্ধান্ত বৃদ্ধাঙ্গুলী দেখাচ্ছেন। সম্মানিত সভাপতি তাদের বিরুদ্ধে কঠোর আইনানুগ ব্যবস্থার সিদ্ধান্ত গ্রহণের জন্য সভায় বিশেষ অনুরোধ করেন। তিনি বিশেষভাবে উল্লেখ করেন

বঙ্গবন্ধুর জন্মশত বার্ষিকী মহান স্বাধীনতার ৫০ বছর পূর্তি সহ জাতির জনকের কন্যা মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা দেশ ও দেশের জনগণকে জলবায়ু পরিবর্তনের নেতিবাচক প্রভাব থেকে রক্ষার জন্য তথা পাবলিক ট্রাষ্ট মতবাদ **(Public Trust Doctrine)** পুর্ণভাবে কার্যকর করার জন্য এ ধরনের একটি আইন পাশ করার দৃষ্টান্ত পৃথিবীতে বিরল। সেই

| | | |
|---|---|---|
| সাথে জাতীয় নদীরক্ষা কমিশন আইন ২০১৩ এর বাস্তবায়নের গুরুত্ব আরোপ করে দোষীদের দৃষ্টান্তমূলক আইনানুগ শাস্তি প্রদান করতে সংশ্লিষ্ট সকল দপ্তরে সমন্বয়ের ভিত্তিতে আশু পদক্ষেপ গ্রহণের জন্য সভায় প্রস্তাব করেন। বিষয়সমূহ নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয় এবং সিদ্ধান্ত গৃহিত হয়। | | |
| ২.০৩। স্বাস্থ্য বিভাগের কার্যক্রম ঃ (১) উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা সভায় জানান যে, কালিগঞ্জ স্বাস্থ্য কমপ্লেক্সকে ৩১ শয্যা থেকে ৫০ শয্যা হাসপাতালে উন্নত করা হলেও জনবল বৃদ্ধি করা হয়নি। ৭ জন ডাক্তার রয়েছে, তন্মধ্যে ৩ জন ডাক্তার প্রশিক্ষণে যাচ্ছেন। বর্তমানে ডাক্তার সংকট রয়েছে। তিনি আরও জানান যে, তারালী মোড় হতে হাসপাতাল রাস্তায় ড্রেণ নির্মাণ করা প্রয়োজন,কুশুলিয়া সাব সেন্টার পোষ্ট অফিসের পার্শ্বে ড্রেণ সংস্কার করা প্রয়োজন। তাছাড়া হাসপাতালে কুকুরে কামড়ানো ভ্যাকসিন ক্রয় করা প্রয়োজন। বিষয় সমুহ নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | (১) করোনা সংক্রান্ত কার্যক্রম সুচারুরূপে সম্পাদনের অনুরোধ করা হয় এবং করোনার টিকা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে রেজিস্ট্রেশন করার জন্য অনুরোধ করা হয়।<br>(২) কালিগঞ্জ হাসপাতালে প্রয়োজনীয় সংখ্যক ডাক্তার পদায়নের জন্য উর্দ্ধতন কর্তৃপক্ষ বরাবর পত্রযোগাযোগ করার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে পুনঃ অনুরোধ করা হয়।<br>(২) তারালী মোড় হতে হাসপাতাল সড়কে ড্রেণ নির্মাণের উদ্যোগ গ্রহণের জন্য সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ও উপজেলা প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরকে অনুরোধ করা হয়। | (১) উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা।<br>(২) উপজেলা প্রকৌশলী, কালিগঞ্জ<br>(৩)চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ(সকল) কালিগঞ্জ |
| ২.০৪। উপজেলা কৃষি বিভাগের কার্যক্রম ঃ উপজেলা কৃষি অফিসার,কালিগঞ্জ সভায় জানানো হয় যে, এ উপজেলায় ইতোমধ্যে কৃষকদের মাঝে কৃষি প্রণোদনা প্রদান করা হয়েছে। কৃষকদের কৃষি কাজে উদ্বুদ্ধ ও ফসল উৎপাদনের কলাকৌশল বাস্তবায়নে কৃষকদের নিয়ে মাঠ দিবস কার্যক্রম চলছে। এ উপজেলায় চলতি বছর ৩টি ইউনিয়নে পরীক্ষামুলকভাবে সয়াবিন চাষ করা হচ্ছে, ইতোমধ্যে ২০ জন কৃষককে মুগ ডাউল চাষের জন্য প্রণোদনা দেয়া হয়েছে।<br>সভায় জানান হয় যে, উপজেলা পরিষদের অভ্যন্তরে আমের নার্সারী বাগান রয়েছে। আমবাগানে আমের মুকুল আসার সময় হয়েছে। আমের গাছগুলো স্প্রে করা প্রয়োজন। বিষয়টি নিয়ে বিস্তারিত আলোচনা হয়। | (১) উপজেলা কৃষি অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরাকে কালিগঞ্জ উন্নয়ন মাস্টার প্লানের (KDMP) আলোকে ব্যবস্থা পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হয়।<br>(২) লবন সহিষ্ণু ধান চাষ করার বিষয়ে কৃষকদের উদ্বুদ্ধ করতে হবে। তারালী ইউনিয়নে ট্রেনিং সেন্টার কাম সিড ষ্টোর প্রকল্প গ্রহণ করতে হবে। বিএ ডিসির গোডাউন পুনরায় চালু করতে হবে। | উপজেলা কৃষি অফিসার কালিগঞ্জ, সাতক্ষীরা। |
| ২.০৫। উপজেলা প্রাণিসম্পদ বিভাগের কার্যক্রম উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, প্রাণিসম্পদ বিভাগের টিকাদান ও সম্প্রসারণ কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তবে এ সময়ে খামারিগণকে ক্ষুরারোগের টিকাদানের বিষয়ে উদ্বুদ্ধকরণ, উঠান বৈঠক ও খামার পরিদর্শন অব্যাহত রয়েছে।<br>বার্ডফ্লু সংক্রামক রোগ প্রতিরোধে খামারের বায়োসিকিউরিটি বা জীব নিরাপত্তা বিধানাবলী মেনে চলার জন্য খামারিদের পরামর্শ সেবা প্রদান করা হচ্ছে । বিষয়সমুহ নিয়ে বিস্তারিত আলোচনা হয়। | উপজেলা প্রাণিসম্পদ অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরাকে কালিগঞ্জ উন্নয়ন মাস্টার প্লানের (KDMP) আলোকে ব্যবস্থা পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হয়। তাছাড়া প্রাণিসম্পদ বিভাগের টিকাদান ও সম্প্রসারণ কার্যক্রম স্বাভাবিক রাখতে ও হ্যাসারী পল্লী স্থাপন করতে অনুরোধ করা হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, কালিগঞ্জ, সাতক্ষীরা |
| ২.০৬। উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগের কার্যক্রম: উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান যে, মুজিব বর্ষ উপলক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রীর উপহার 'ক' শ্রেণীর ভূমিহীনদের জন্য ১ম পর্যায়ে ৩৬ টি ঘর নির্মাণ পূর্বক উপকারভোগীদের নিকট হস্তান্তর করা হয়েছে। ২য় পর্যায়ে আরো বরাদ্দ পাওয়া যাবে। তাছাড়া আম্ফানে ক্ষতিগ্রস্ত পরিবারের জন্য ২৮ টি ঘর বরাদ্দ পাওয়া গেছে। উপকারভোগীর তালিকা তৈরী করা হয়েছে। দ্রুত কাজ শুরু করা হবে। | আম্ফানে ক্ষতিগ্রস্ত পরিবারের জন্য ২৮ টি ঘরের নির্মাণ কাজ অতিদ্রুত সম্পন্ন করার জন্য পুনঃ অনুরোধ করা হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কালিগঞ্জ, সাতক্ষীরা |
| ২.০৭। উপজেলা শিক্ষা বিভাগের কার্যক্রম ঃ উপজেলা শিক্ষা অফিসার, কালিগঞ্জ এ উপজেলার প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের ২০২১ সালের পাঠ্যপুস্তক ইতোমধ্যে অভিভাবক পর্যায়ে বিতরণ করা হয়েছে। এ উপজেলার ৩৫০ জন শিক্ষার্থীর জন্মসনদে সমস্যা থাকায় তাদের উপবৃত্তি বিতরণে সমস্যা সৃষ্টি হয়েছে। | যে সকল শিক্ষার্থীর জন্মসনদে সমস্যা হয়েছে সে গুলো দ্রুত সমাধান করার জন্য উপজেলা শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা শিক্ষা অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা |

| | | |
|---|---|---|
| ২.০৮। <u>উপজেলা মহিলা বিষয়ক বিভাগের কার্যক্রম</u> ঃ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, কালিগঞ্জ, সাতক্ষীরা সভায় জানান যে, সরকারি নির্দেশনা পাবার সাথে সাথে ভিজিডি কর্মসূচির আওতায় দুস্থ মহিলাদের জন্য বিনামূল্যে খাদ্য সহায়তার জন্য অনলাইনে আবেদন আহবান করা হয়েছিল। ইতোমধ্যে তালিকা চুড়ান্ত করে ১ম কিস্তির বরাদ্দকৃত খাদ্যশস্য বিতরণ করা হয়েছে। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | সরকারি নির্দেশনা মোতাবেক ২০২১-২০২২ চক্রের ভিজিডি কর্মসূচির আওতায় দুস্থ মাহিলাদের জন্য বিনামুল্যে খাদ্য সহায়তা কার্যক্রম তদারকি অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা মহিলা বিষয়ক অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা। |
| ২.০৯। <u>উপজেলা সমাজসেবা বিভাগের কার্যক্রম</u> ঃ<br>(ক) উপজেলা সমাজসেবা অফিসার,কালিগঞ্জ জানান যে,সরকারের রুপকল্প ২০২১-৪১ বাস্তবে রুপায়ন, এসডিজির লক্ষ্যমাত্রা অর্জন এবং ৮ম পঞ্চবার্ষিকী পরিকল্পনার আলোকে দেশের সিনিয়র সিটিজেন, প্রতিবন্ধীদের থেরাপী সেন্টার, আইনের সংঘাতে বা সংস্পর্শে আসা শিশু,কর্মক্ষম বিধবা ও স্বামী পরিত্যাক্তা নারীদের দক্ষতা উন্নয়নে প্রশিক্ষণ, পল্লী মাতৃকেন্দ্রের ও পল্লী সমাজসেবা কার্যক্রমের আওতায় সুদমুক্ত ক্ষুদ্রঋণ গ্রহিতাদের স্কীমভিত্তিক প্রশিক্ষণ প্রদানসহ সামাজিক নিরাপত্তা কর্মসূচির অপরাপর বহুমুখী কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে 'শেখ ফজিলাতুন্নেছা মুজিব পল্লী সমাজসেবা প্রশিক্ষণ ও সামাজিক নিরাপত্তা কমপ্লেক্স স্থাপন প্রকল্প' গ্রহণের উদ্যোগ সরকার গ্রহণ করেছেন। এ উপজেলায় প্রকল্পটি বাস্তবায়নের নিমিত্ত উপজেলা সমাজসেবা কার্যালয়ের নিজস্ব গণমিলনায়তন কেন্দ্র অথবা উপজেলা পরিষক কর্তৃক প্রদেয় ১২-১৮ শতাংশ (সম্ভাব্য ১৩৪ ফুট x ৫৯ ফুট)জমির সার্ভে নকশা ও সীমানা চিহ্নিতকরণ এবং উপজেলা পরিষদের রেজুলেশনসহ সমাজসেবা অধিদপ্তর বরাবরে প্রেরণের নির্দেশনা পাওয়া গেছে । বিষয়টি সভায় বিস্তারিত আলোচনা ।<br>(খ) উপজেলা সমাজসেবা অফিসার জানান যে, এ উপজেলায় ১৮৩৪৩ জন ভাতাভোগী রয়েছে। ইতোমধ্যে ১৭,২৫৫ জনের MIS করা হয়েছে। অনেকভাতা ভোগীকে খুঁজে পাওয়া যায়নি। এ উপজেলা শতভাগ ভাতাভোগীর আওতায় এসেছে। অত্র উপজেলায় এ পর্যন্ত বয়স্কভাতার জন্য অনলাইনে ইউনিয়ন ভিত্তিক ৩০০০ আবেদনপত্র পাওয়া গেছে।<br>বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | (১) স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের অনুমোদন সাপেক্ষে 'শেখ ফজিলাতুন্নেছা মুজিব পল্লী সমাজসেবা প্রশিক্ষণ ও সামাজিক নিরাপত্তা কমপ্লেক্স ভবন' স্থাপনের নিমিত্ত উপজেলা পরিষদ কর্তৃক ১২-১৮ শতাংশ (সম্ভাব্য ১৩৪ ফুট x ৫৯ ফুট) জমি উপজেলা ব্যানবেইজ ভবনের পশ্চিমে এবং জনস্বাস্থ্য প্রকৌশল ভবনের উত্তরপার্শ্বে ফাঁকা জায়গায় প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>(২) বয়স্ক ভাতার জন্য নির্বাচিত ব্যক্তিদের আগামী ১ (এক) সপ্তাহের মধ্যে অনলাইনে এন্টি নিশ্চিত করতে উপজেলা সমাজসেবা অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা সমাজসেবা অফিসার,কালিগঞ্জ, সাতক্ষীরা |
| ২.১০। <u>উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগের কার্যক্রম</u> ঃ উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, কালিগঞ্জ সভায় জানান যে, করোনার কারণে তাঁর বিভাগীয় কার্যক্রমে কিছুটা ছন্দপতন হয়েছে। ইতোমধ্যে তার দপ্তরে থার্মাল স্ক্যান্যার সরবরাহ করা হয়েছে। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরাকে তার বিভাগীয় কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা |
| ২.১১। <u>উপজেলা পল্লী উন্নয়ন বিভাগের কার্যক্রম</u> ঃ উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, কালিগঞ্জ সভায় জানান যে, তার দপ্তরের ঋণ বিতরণ কার্যক্রম চলমান রয়েছে। আদায়ের হারও সন্তোষজনক। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীর কে তার বিভাগের কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা |

| | | |
|---|---|---|
| ২.১৮। <u>উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগের কার্যক্রম</u> ঃ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কালিগঞ্জ সভায় জানান যে, এ উপজেলার মাধ্যমিক বিদ্যালয়ের ও মাদ্রাসার শিক্ষার্থীদের ২০২১ সালের বিনামুল্যে পাপ্ত পাঠ্যপুস্তক ইতোমধ্যে প্রতিষ্ঠান পৌছে দেয়া হয়েছে। এ প্রসংগে সভায় জানানো হয় যে, উপজেলা পরিষদের অভ্যন্তরে প্রমোট হোষ্টেলের ২য় তলায় ২০২১ সালের মাধ্যমিক বিদ্যালয় ও মাদ্রাসার শিক্ষার্থীদের জন্য এখন বহু পাঠ্যপুস্তক রয়েছে । সেগুলো বিদ্যালয় পর্যায়ে পৌছাতে হবে। বিষয়টি নিয়ে বিস্তারিত আলোচনা হয়।<br><br><u>উপজেলা প্রমোট হোষ্টেল সংক্রান্ত</u> ঃ<br>সভার সভাপতি উপজেলা পরিষদ চেয়ারম্যান জানান যে, উপজেলা পরিষদের অভ্যন্তরে প্রমোট হোষ্টেলটি দীর্ঘদিন যাবৎ জনাব তানজিয়ারা খাতুন, উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, কালিগঞ্জ পরিবারসহ বসবাস করে আসছিলেন। প্রমোট হোষ্টেলটি তাকে একাধিকার ছাড়ার জন্য বলা হলেও তিনি বর্ণিত হোষ্টেলটি না ছাড়ায় পরিষদ সভায় রেজুলেশন করে তাকে প্রমোট হোষ্টেল হতে নামিয়ে উক্ত হোষ্টেলে ২০২১ সালের মাধ্যমিক বিদ্যালয় ও মাদ্রাসার বই রাখা হয়েছিল।<br>উল্লেখ্য যে, সামনে ইউনিয়ন পরিষদ নির্বাচন। নির্বাচনের দায়িত্বে ম্যাজিস্ট্রেটগণসহ অনেক কর্মকর্তা আসবেন। তাদের থাকার ব্যবস্থা করতে হবে। সে কারণ এ উপজেলায় নির্বাচনসহ বিভিন্ন সময়ে আগত অফিসারগণের অবস্থানের জন্য স্থায়ীভাবে এ উপজেলার প্রমোট হোস্টেলের ১ম ও দ্বিতীয় তলায় রুম গেস্টরুম করা যেতে পারে। রিষয়সমূহ. নিয়ে রিস্তারিত আলোচনা হয়। | (১) ২০২১ সালে এ উপজেলার মাধ্যমিক পর্যায়ের শিক্ষার্থীদের বিনামূল্যে বিতরণের জন্য কি পরিমাণ পাঠ্যপুস্তকের চাহিদা প্রেরণ করা হয়েছিল, কি পরিমাণ পাঠ্যপুস্তক এসেছে এবং কি পরিমাণ বিতরণকৃত ও অবিতরণকৃত তার তথ্য আগামী সভায় দাখিলের জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরাকে অনুরোধ জানানো হয়।<br><br><u>উপজেলা প্রমোট হোষ্টেল সংক্রান্ত</u> ঃ<br>(১) এ উপজেলায় নির্বাচনসহ বিভিন্ন সময়ে আগত এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট ও অফিসারগণের অবস্থানের জন্য এ উপজেলার প্রমোট হোস্টেলটি গেস্টরুম করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>(২) প্রমোট হোস্টেলে রাখা মাধ্যমিক শিক্ষা অফিসের বই দ্রুত স্কুল পর্যায়ে পৌছাতে মাধ্যমিক শিক্ষা অফিসারকে নির্দেশনা দেয়া হলো এবং অ-বিতরণকৃত বা পুরাতন বইসমূহ (যদি থাকে) ম্যাধ্যমিক শিক্ষা অফিস ভবনের নিচ তলায় অথবা উপজেলা পরিষদের নিয়ন্ত্রিত নাজিমগঞ্জ বাজারে যেখানে সোনালী ব্যাংক ছিল সেই ভবনের ২য় তলায় রাখার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে অনুরোধ করা হলো।<br><br>(৩) প্রমোট হোষ্টেলে অবস্থানরত ম্যাজিস্ট্রেট ও কর্মকতাগণের জন্য দৈনিক প্রতিরুমের ভাড়া ৫০/- (পঞ্চাশ) টাকা নির্ধারণ করা হয়।<br><br>(৪) প্রমোট হোষ্টেল গেস্টরুমের খাট ও আনুসাংগিক মালামাল ক্রয় ও প্রস্তুত সংক্রান্ত ব্যয় উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে নির্বাহ করা হবে।<br><br>(৫) প্রমোট হোস্টেলের ক্যাশবইসহ ও আনুসাংগিক কাগজপত্র আগামী পরিষদ সভার পূর্বেই উপজেলা নির্বাহী অফিসারের নিকট হস্তান্তরের জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কালিগঞ্জ,সাতক্ষীরা |
| ২.১৯। <u>আমার বাড়ী আমার খামার প্রকল্প কার্যক্রম</u> ঃ উপজেলা সমন্বয়কারী আমার বাড়ী আমার খামার প্রকল্প জানান তার বিভাগের কার্যক্রম স্বাভাবিক চলছে। তিনি আরো জানান যে, আমার বাড়ী আমার খামার প্রকল্পের ভবনের উত্তর পূর্বকোণের কিছু অংশ মডেল মসজিদ নির্মাণের কারণে ভেঙ্গে দক্ষিণ পূর্ব পার্শ্বে সম্প্রসারিত করা এবং প্রকল্পের প্রধান কার্যালয়ের নির্দেশনায় ভবনটি দ্বিতল করার কথা থাকলেও উপজেলা প্রকৌশলী নমুনা পরীক্ষা ও প্রতিবেদন মোতাবেক ভবনটি একতলা বিশিষ্ট আনুভূমিক ১০০০ বর্গফুট সম্প্রসারণ করা প্রস্তাব রাখেন। | (১) আমার বাড়ী আমার খামার প্রকল্প, কালিগঞ্জ, সাতক্ষীরাকে আগামী সভায় তার দপ্তর কর্তৃক বিতরণকৃত লোনের বিস্তারিত বিবরণ দাখিল করার জন্য অনুরোধ করা হয়।<br>(২) আমার বাড়ী আমার খামার প্রকল্পের ভবনের উত্তর পূর্বকোণের কিছু অংশ মডেল মসজিদ নির্মাণের কারণে ভেঙ্গে দক্ষিণ পূর্ব পার্শ্বে সম্প্রসারিত করার নিমিত্ত উপজেলা প্রকৌশলী নমুনা পরীক্ষা ও প্রতিবেদন মোতাবেক ভবনটি একতলা বিশিষ্ট আনুভূমিক ১০০০ বর্গফুট সম্প্রসারণ করা প্রস্তাব সর্বসম্মত গৃহীত হয়। | উপজেলা সমন্বয়কারী আমার বাড়ী আমার খামার প্রকল্প, কালিগঞ্জ, সাতক্ষীরা। |
| ২.২০। <u>উপজেলা তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ</u> ঃ করোনা ভাইরাসের প্রাক্কালে সকল বিভাগের কার্যক্রম মনিটরিং এর জন্য সকল বিভাগ কর্তৃক তাদের বিভাগ সংশ্লিষ্ট অফিসিয়াল ফেইসবুক আইডি খোলার বিষয়ে পুনঃ আলোচনা হয়। | সকল বিভাগকে অফিসিয়াল ফেইসবুক আইডি খুলে uno unokaligonj satkhira আইডিতে যুক্ত হতে হবে। সহকারী প্রোগ্রামার, আইসিটি বিভাগ সকল বিভাগের অফিসিয়াল ফেইসবুক আইডি সহ একটি প্রতিবেদন দেয়ার জন্য একাধিক মিটিংএ বারবার বলা স্বত্বেও কোন কার্যকরী ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে না এজন্য উপজেলা চেয়ারম্যান মহোদয় দুঃখপ্রকাশ করেন এবং আগামীদিনে বাস্তবায়নের জন্য অনুরোধ করেন। | ১। সকল বিভাগ<br>২। সহঃ প্রোগ্রামার |
| ২.২১। <u>পানি উন্নয়ন বোর্ডের কার্যক্রম</u> ঃ<br>সভার সভাপতি পানি উন্নয়ন বোর্ডের প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় অসন্তুষ্টি প্রকাশ করেন।<br>সভায় জানানো হয় যে, পানি উন্নয়ন বোর্ডের প্রতিনিধি সভায় অনুপস্থিত থাকায় তাদের বিভাগীয় বিষয়ে জানা গেল না তবে সভার প্রায় অধিকাংশ সদস্য পানি উন্নয়ন বোর্ডের নদ নদী উদ্ধার সহ মুজিববর্ষের দৃশ্যমান উন্নয়ন পরিকল্পনার অংশ হিসাবে ইতিপূর্বে সভার সিদ্ধান্ত মোতাবেক যমুনা নদীর অংশ জাতির জনক বঙ্গবন্ধুর | (১) মুজিব সেঞ্চুরী ওয়াটার পার্ক স্থাপনের নিমিত্তে যমুনার দুই পাশ উচ্ছেদ সহ সৌন্দার্যবর্ধন করতে সংশ্লিষ্ট দপ্তরের মাধ্যমে কার্যক্রম গ্রহণ এবং সুচারুরূপে সমাপ্ত করার জন্য সিদ্ধান্ত গৃহিত হয়।<br>(২) অবৈধ দখলদারকে চিহ্নিত করতে প্রয়োজনে জরিপকারকদের মাধ্যমে জরিপ করে অবৈধ দখলদারদেরকে চিহ্নিত করার সিদ্ধান্ত হয়।<br>(৩) যমুনা নদীর দু'ধারে অবৈধ দখলদারদের উচ্ছেদের কার্যকরী ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হয়। | (১) উপজেলা নির্বাহী অফিসার<br>(২)সহকারী কমিশনার ভূমি, কালিগঞ্জ, সাতক্ষীরা।<br>(৩) নির্বাহী প্রকৌশলী সাতক্ষীরা পওর বিভাগ-১, বাপাউবো,<br>(৪) উপ- বিভাগীয় প্রকৌশলী, কালিগঞ্জ পওর উপ- বিভাগ, বাপাউবো, |

| | | |
|---|---|---|
| পদধূলির স্মৃতি বিজরিত প্রেস ক্লাবের পার্শ্ব হইতে প্রাইমারী শিক্ষক সমিতির অফিস পর্যন্ত ৫ নং পোল্ডারের অধীনে পাউবোর অধিগ্রহণকৃত যমুনা নদীর (খাল) পূর্ব পাড়ে কালিগঞ্জ থানা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স, সহকারী পুলিশ সুপারের কার্যালয়, বাইপাস রোড সংলগ্ন অবৈধ দোকান ও বসতঘর এবং উপজেলা পরিষদের মাঠের পূর্বপার্শ্বে যমুনা খালের পশ্চিম পার্শ্বে অবৈধ দখলদারদের উচ্ছেদ করে মুজিব সেঞ্চুরী ওয়াটার ইকো পার্ক নির্মাণের প্রস্তাব বাস্তবায়নে, নদীদখলমুক্ত করে পরিবেশ উন্নয়নে সিদ্ধান্ত ইতিপুর্বে বারবার নেওয়া হয়েছে। দৃশ্যমান কোন বাস্তবায়ন পরিলক্ষিত হয়নি। তাছাড়া যমুনার অংশে নাজিমগঞ্জ গরুর হাট, সড়কপথে সুন্দরবনগামী রাস্তা সহ পার্শ্ববর্তী সমান্তরালভাবে প্রবাহিত যমুনা নদীর দুইকুলের অবৈধ দখলদারদের উচ্ছেদ করে জলবায়ু পরিবর্তনের ঝুকি এবং পরিবেশ উন্নয়নে সৌন্দার্যবর্ধন এবং বিনোদন উপযোগী পরিবেশ তৈরি করতে "গ্রীণ সাতক্ষীরা, ক্লিন সাতক্ষীরা" বাস্তবায়নে উচ্ছেদ প্রক্রিয়াসহ যমুনা খননের ব্যবস্থা গ্রহণের জন্য বারবার জনস্বার্থে গৃহিত পরিষদের সিদ্ধান্তও আলোর মুখ দেখেনি। আজকের সভায় যমুনা নদী সংক্রান্ত সকল সিদ্ধান্ত পুনরায় বাস্তবায়নের লক্ষ্যে বিস্তারিত আলোচনা হয়। সভার সদস্য অতিক্রত অবৈধ দখলকারীদের উচ্ছেদ করে মুজিব সেঞ্চুরী ওয়াটার ইকো পার্কের ব্যবস্থা করার জন্য সভায় অনুরোধ করেন।<br>এ প্রসংগে সভার সভাপতি জানান যে, যমুনা নদীর দু'ধারে অবৈধ দখলদারদের উচ্ছেদের নিমিত্ত উচ্ছেদ মামলা করতে হবে। অতিদ্রুত তাদেরকে নোটিশ করে উচ্ছেদের কার্যকরী ব্যবস্থা গ্রহণ করতে হবে। পানি উন্নয়ন বোর্ডের জায়গা হতে যাদের সরানো হবে তাদেরকে পুনর্বাসন করা হবে।<br>জেলা প্রশাসক কার্যালয় ১৩ ডিসেম্বর ২০২০ তারিখে ৩১.৪৪.৮৭০০.০০৬.২১.০২৩.২০-১৬০৬(১৬) স্মারকে উল্লেখিত নির্দেশনা সংযুক্ত ৭ ফর্দে ১৭ ডিসেম্বর ২০২০ মধ্যে কার্যালয়ে প্রেরণ করার অনুরোধ করা হলেও প্রকৃতপক্ষে সে অনুযায়ী কোন কার্যক্রম এখনো তেমনভাবে পরিলক্ষিত হয়নি। উল্লেখিত পত্রের জাতীয় নদীরক্ষা কমিশনের ৪ জুন ২০২০ খ্রিঃ ১৮.২০.০০০০.০১৮.০৬.০০১.১৫(২৭)২৯০ এর বিষয়বস্তুর আলোকে ২৭ শে আগষ্ট ২০১৯ এর জারীকৃত পরিপত্রের সংযুক্ত অনুলিপি পরিপ্রেক্ষিতে বিস্তারিত তথ্যাদি ভূমি মন্ত্রণালয়ের আইন শাখা-০১ এর তারিখ ২২/২৩ সেপ্টেম্বর ২০১৫ এ নং ৩১.০০.০০০০.০৪২.৬৭.০৩১.১১.৮৪১ পরিপত্র মোতাবেক কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য বিস্তারিত আলোচনা হয়। | (৪) পানি উন্নয়ন বোর্ডের ভেড়ীবাধের তলদেশে যারা অবৈধ পাইপ স্থাপন করে রাস্তার ও নদ-নদীর ক্ষতিসাধন করছে তাদেরকে আইনানুগ শাস্তির আওতায় আনার সিদ্ধান্ত নেওয়া হয়। | কালিগঞ্জ, সাতক্ষীরা।<br>(৫) উপজেলা প্রকৌশলী, এলজিইডি, কালিগঞ্জ, সাতক্ষীরা।<br>(৬) তহশীলদার (সকল), ইউনিয়ন ভূমি অফিস, কালিগঞ্জ, সাতক্ষীরা। |
| ২.২২। বিএডিসি ঃ<br>সহকারী প্রকৌশলী (নির্মাণ), বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, সাতক্ষীরার সভায় জানান যে, এ উপজেলায় খাল খননের জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণের নিকট হতে খাল খননের যে তালিকা পাওয়া গিয়েছে তা বিগত উপজেলা পরিষদ সভায় অনুমোদিত হয়েছে। অনুমোদিত তালিকা অনুযায়ী খাল খনন করা হবে। উল্লেখ্য যারা অবৈধভাবে খালে মাটি ফেলে খাল ভরাট করে দেচ্ছেন তাদের বিরুদ্ধে বিএডিসিকে পরিবেশ অধিদপ্তর আইনের আওতায় মামলা করতে হবে। বিএডিসি ইঞ্জিনিয়ার চাহিদা মোতাবেক সার্ভেয়ার যেয়ে খাল ডিমারকেশন করে দেবেন। সিএস রেকর্ড অনুযায়ী খাল খনন করতে হবে। বিষয়সমূহ নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | (১) কেউ অবৈধভাবে খালে মাটি ফেলে খাল ভরাট করে দিলে তাদের বিরুদ্ধে বিএডিসিকে পরিবেশ অধিদপ্তর আইনের আওতায় মামলা করতে হবে।<br>(২) সিএস রেকর্ড অনুযায়ী খাল খনন করতে হবে।<br>(৩) সপ্তাহের প্রতি বুধবার, উপসহকারী প্রকৌশলী, বিএডিসি সেচ, এ উপজেলায় অফিস করবেন। | (১) সহকারী প্রকৌশলী, বিএডিসি সেচ, সাতক্ষীরা<br>(২) উপসহকারী প্রকৌশলী, বিএডিসি সেচ, সাতক্ষীরা।<br>(৩) চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল), কালিগঞ্জ সাতক্ষীরা |

| | | |
|---|---|---|
| ২.২৩। <u>উপজেলা পরিসংখ্যান বিভাগ</u> ঃ<br>উপজেলা পরিসংখ্যান অফিসার (ভাঃপ্রাঃ) সভায় জানান যে, জনশুমারী ও গৃহগণনা ২০২১ প্রকল্পের ১ম পর্বের জোনাল অপারেশন মাঠ পর্যায়ে গণনা এলাকা নির্ধারণ, জিও কোড হালনাগাদকরণ, সুপারভাইজার স্কেচ ম্যাপ তৈরী ও বেইজ ম্যাপে গণনা এলাকা চিহ্নিত করণের কাজ চলমান রয়েছে। | জনশুমারী ও গৃহগণনা ২০২১ প্রকল্পের ১ম পর্বের জোনাল অপারেশন মাঠ পর্যায়ে গণনা এলাকা নির্ধারণ, জিও কোড হালনাগাদকরণ, সুপারভাইজার স্কেচ ম্যাপ তৈরী ও বেইজ ম্যাপে গণনা এলাকা নির্ভুল ভাবে চিহ্নিত করণের জন্য উপজেলা পরিসংখ্যান অফিসার(ভাঃপ্রাঃ) কালিগঞ্জকে অনুরোধ করা হয়। | উপজেলা পরিসংখ্যান অফিসার(ভাঃপ্রাঃ) কালিগঞ্জ |
| ৩.০০। বিবিধ আলোচনাঃ<br>৩.০১। <u>বিভাগ সংশ্লিষ্ট কমিটির সভা</u> ও ইউনিয়ন উন্নয়ন সমন্বয় কমিটি ঃ স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগ ইউনিয়ন পরিষদ-২ শাখা এর সংশোধিত পরিপত্র ১৪.০৩.২০১৩ইং তারিখের ৪৬.০১৮.০৩১.০০.০০.০০২.২০১১.৬০৮ নং স্মারকে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৯৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে গঠিত ইউনিয়ন উন্নয়ন সমন্বয় কমিটি (ইউডিসিসি) এর বিধি ৫(৬) এর কার্যক্রম, বিধি ৬ এবং বিধি ৯ প্রতিবেদন এবং বিধি ১০ এ তাহা কার্যকর করা নির্দেশ থাকিলেও যথাযথভাবে কোন ইউনিয়ন পরিষদ থেকে বাস্তবায়ন করা হয়নি বলে সভাপতি মহোদয় দুঃখ প্রকাশ করেন এবং বিধি সমুহ জনস্বার্থে কার্যকর করার জন্য তাগিদ দেন। সাথে সাথে সকল উপজেলা কমিটির সভা নিয়মিত করার জন্য অনুরোধ করেন।<br><br>বিভিন্ন বিভাগ সংশ্লিষ্ট কমিটির সভা অনুষ্ঠিত না হওয়ায় কাজের গতি স্থবির হয়ে পড়েছে মর্মে সভায় পুনঃ আলোচনা করা হয়। | (১) সকল বিভাগ উপজেলা কমিটি এবং তাদের বিভাগ সংশ্লিষ্ট কমিটি সমূহ নিয়মিত সভা করবেন এবং উপজেলা নির্বাহী কর্মকর্তাকে প্রতিবেদন দেবেন। উপজেলা চেয়ারম্যান মহোদয়কে অবিহিত করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়।<br><br>(২) ইউডিসিসি নিয়মিত সভা করবেন। স্থানীয় সরকার বিভাগ ইউনিয়ন পরিষদ-২ শাখা এর সংশোধিত পরিপত্র ১৪.০৩.২০১৩ইং তারিখের ৪৬.০১৮.০৩১.০০.০০.০০২.২০১১.৬০৮ নং স্মারকে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৯৫ ধারায় (ইউডিসিসি) এর বিধি ৫(৬) এর কার্যক্রম, বিধি ৬ এবং বিধি ৯ প্রতিবেদন অব্যর্থতায় প্রদানের জন্য সিদ্ধান্ত গৃহিত হয়। | (১) উপজেলা নির্বাহী কর্মকর্তা, কালিগঞ্জ, সাতক্ষীরা।<br>(২) উপজেলা ভাইস চেয়ারম্যানদ্বয়, কালিগঞ্জ, সাতক্ষীরা।<br>(৩) সকল বিভাগীর কর্মকর্তাবৃন্দ, সকল ইউপি চেয়ারম্যান ও ইউপি সচিব, কালিগঞ্জ, সাতক্ষীরা। |

পরিশেষে মুজিব বর্ষের অঙ্গীকার বাস্তবায়ন, উপজেলা পরিষদ স্টান্ডিং কমিটি কার্যকর, দ্রুত পঞ্চবার্ষিকী পরিকল্পনা ও বাজেট বই প্রস্তুত, টেকসই উন্নয়নের লক্ষ্যমাত্রা বাস্তবায়ন, নারী উন্নয়ন ফোরাম কমিটি কার্যকর, ইউনিয়ন ট্যাক্স ডে ঘোষণা, এসডিজি বাস্তবায়নে সকলের সার্বিক সহযোগিতা কামনা করা হয়।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকল কাজে স্বচ্ছতা রাখার আহবানসহ সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২০/০২/২২
সাঈদ মেহেদী
উপজেলা পরিষদ চেয়ারম্যান
কালিগঞ্জ, সাতক্ষীরা

স্মারক নং-০৫.৪৪.৮৭৪৭.০০০.২৪.০০৫.২০ - ২২৯ তারিখ :১০ ফেব্রুয়ারি ২০২১ খ্রিঃ

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে ( জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। মাননীয় সংসদ সদস্য, ১০৭--সাতক্ষীরা-৩/ ১০৮--সাতক্ষীরা-৪ নির্বাচনী এলাকা

২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

৩। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা

৪। জেলা প্রশাসক, সাতক্ষীরা

৫। সিভিল সার্জন, সাতক্ষীরা

৬। নির্বাহী প্রকৌশলী, সাতক্ষীরা পওর বিভাগ-১, বাপাউবো, সাতক্ষীরা

৭। সহকারী প্রকৌশলী, বিএডিসি ( সেচ) সাতক্ষীরা

৮। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিগঞ্জ, সাতক্ষীরা

৯। ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিগঞ্জ, সাতক্ষীরা

১০। উপজেলা -------------------------------------- কর্মকর্তা (সকল), কালিগঞ্জ, সাতক্ষীরা

১১। অফিসার ইনচার্জ, কালিগঞ্জ, সাতক্ষীরা

১২। উপ- বিভাগীয় প্রকৌশলী, কালিগঞ্জ পওর উপ- বিভাগ, বাপাউবো, কালিগঞ্জ, সাতক্ষীরা

১৩। চেয়ারম্যান ---------------------------------- ইউপি (সকল), কালিগঞ্জ, সাতক্ষীরা

১৪। জনাব ------------------------------------------কালিগঞ্জ, সাতক্ষীরা

খন্দকার রবিউল ইসলাম
উপজেলা নির্বাহী কর্মকর্তা
কালিগঞ্জ, সাতক্ষীরা
unokaliganj@gmail.com

২৮/০১/২০২১ তারিখ কালিগঞ্জ, উপজেলা পরিষদের সাধারণ সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যগণের নামের তালিকা

## পরিশিষ্ট -'ক' উপস্থিত সদস্যবৃন্দ

| ক্রমিক নং | নাম | পদবী, ঠিকানা | | ক্রমিক নং | নাম | পদবী, ঠিকানা |
|---|---|---|---|---|---|---|
| ১ | জনাব সাঈদ মেহেদী | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিগঞ্জ | | ১ | জনাব খন্দকার রবিউল ইসলাম | উপজেলা নির্বাহী অফিসার, কালিগঞ্জ |
| ২ | জনাব দিপালী রাণী ঘোষ | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিগঞ্জ | | ২ | ডাঃ জনাব তৈয়েবুর রহমান | উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ অফিসার, কালিগঞ্জ |
| ৩ | জনাব নাজিমুল ইসলাম | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিগঞ্জ | | ৩ | জনাব কৃষিবিদ ইকবাল আহমেদ | উপজেলা কৃষি কর্মকর্তা,কালিগঞ্জ |
| ৪ | জনাব আকলিমা বেগম | চেয়ারম্যান, কৃষ্ণনগর ইউপি | | ৪ | ডাঃ জনাব মনোজিত মন্ডল | উপজেলা প্রাণি সম্পদ অফিসার, কালিগঞ্জ |
| ৫ | জনাব শেখ রিয়াজ উদ্দিন | চেয়ারম্যান, বিষ্ণুপুর ইউ,পি | | ৫ | জনাব মোঃ শফিকুল ইসলাম | সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, কালিগঞ্জ |
| ৬ | জনাব মোঃ মোজাম্মেল হক | চেয়ারম্যান, চাম্পাফুল ইউপি | | ৬ | জনাব জাকির হোসেন | উপজেলা প্রকৌশলী, কালিগঞ্জ |
| ৭ | জনাব প্রশান্ত কুমার সরকার | চেয়ারম্যান,দক্ষিণ শ্রীপুর ইউপি | | ৭ | জনাব মোঃ আব্দুল্লাহ আল মামুন | উপজেলা সমাজসেবা অফিসার কালিগঞ্জ |
| ৮ | জনাব এবাদুল ইসলাম | চেয়ারম্যান কুশুলিয়া ইউপি | | ৮ | জনাব আব্দুস সেলিম | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, কালিগঞ্জ |
| ৯ | জনাব শেখ আজিজুর রহমান | চেয়ারম্যান, নলতা ইউপি | | ৯ | মোসাঃ শামছুন্নাহার | উপজেলা শিক্ষা অফিসার,কালিগঞ্জ |
| ১০ | জনাব মোঃ এনামুল হোসেন | চেয়ারম্যান, তারালি ইউপি | | ১০ | জনাব মোঃ মিরাজ হোসেন | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, কালিগঞ্জ |
| ১১ | জনাব মোঃ মিজানুর রহমান | চেয়ারম্যান, মথুরেশপুর ইউপি | | ১১ | জনাব অর্ণা চক্রবর্তী | উপজেলা মহিলা বিষয়ক অফিসার, কালিগঞ্জ |
| ১২ | জনাব মোঃ আশরাফুল হোসেন | চেয়ারম্যান, রতনপুর ইউপি | | ১২ | জনাব অমল কান্তি রায় | উপসহকারী প্রকৌশলী, কালিগঞ্জ |
| ১৩ | প্যানেল চেয়ারম্যান | চেয়ারম্যান মৌতলা ইউপি এর পক্ষে | | ১৩ | জনাব আবুল কালাম আজাদ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কালিগঞ্জ |
| ১৪ | জনাব মাহফুজা খানম | সংরক্ষিত মহিলা সদস্য | | ১৪ | জনাব সঞ্জীব কুমার দাস | উপজেলা যুব উন্নয়ন অফিসার, কালিগঞ্জ |
| ১৫ | জনাব লাইলি পারভীন | সংরক্ষিত মহিলা সদস্য | | ১৫ | জনাব খান তৈয়েবুর রহমান | উপজেলা সমবায় অফিসার, কালিগঞ্জ |
| | | | | ১৬ | জনাব সমীর কুমার রায় | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, কালিগঞ্জ |
| | | | | ১৭ | জনাব তানজিয়ারা খাতুন | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, কালিগঞ্জ |
| | | | | ১৮ | জনাব মোঃ খলিলুর রহমান | উপজেলা পরিসংখ্যান অফিসার, কালিগঞ্জ |
| | | | | ১৯ | ডেপুটি জেনারেল ম্যানেজার | পল্লী বিদ্যুৎ জোনাল অফিস কালিগঞ্জ |
| | | | | ২০ | জনাব শহিদুর রহমান ফরেস্টার, | উপজেলা সামাজিক বনায়ন কেন্দ্র, কালিগঞ্জ |
| | | | | ২১ | জনাব আশরাফুল আলাম,উপজেলা সমন্বয়কারী | আমার বাড়ী আমার খামার প্রকল্প কালিগঞ্জ |
| | | | | ২২ | জনাব তপন জ্যোতি চক্রবর্তী | উপজেলা দারিদ্র বিমোচন অফিসার, কালিগঞ্জ |

## পরিশিষ্ট -'খ' অনুপস্থিত সদস্যবৃন্দ

| ক্রমিক নং | নাম | পদবী, ঠিকানা | | ক্রমিক নং | নাম | পদবী, ঠিকানা |
|---|---|---|---|---|---|---|
| ১ | জনাব গাজী শওকত হোসেন | চেয়ারম্যান, ধলবাড়িয়া ইউপি | | ১ | জনাব মোঃ আব্দল খালেক | উপসহকারী প্রকৌশলী পানি উন্নয়ন বোর্ড, কালিগঞ্জ |
| ২ | জনাব নূর মোহাম্মদ বিশ্বাস | চেয়ারম্যান,ভাড়াশিমলা ইউপি | | ২ | | |
| ৩ | জনাব প্রভাতি রাণী | সংরক্ষিত মহিলা সদস্য | | ৩ | | |